তারিখ 13 AUG 2015
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# ঈশ্বরদীতে হাতকড়াসহ ছাত্রলীগ সভাপতির পলায়ন, ফের গ্রেফতার

■ ঈশ্বরদী প্রতিনিধি

ঈশ্বরদীর পাকশীতে ছাত্রলীগ কর্মী সৌরভ হোসেন টুনটুনির হাত কেটে নিয়ে প্রকাশ্যে উল্লাস করার আলোচিত ঘটনার প্রধান আসামি পাকশী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সদরুল হক পিন্টু হাতকড়া পরা অবস্থায় পালিয়ে গেলেও পরে তাকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল বুধবার সকালে পাকশীর রূপপুর-৩ বটতলা এলাকা থেকে পুলিশ তাকে গ্রেফতার করে।

ঈশ্বরদী থানার ওসি বিমান কুমার দাশ জানান, তাকে গ্রেফতারের পর হাতকড়া পরা অবস্থায় সে পালিয়ে যায়। ফের অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে পাবনা জেলহাজতে পাঠানো হয়েছে।

গত ১ জুন দলীয় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পাকশী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সদরুল হক পিন্টু তার প্রতিপক্ষ গ্রুপের কর্মী সৌরভ হোসেন টুনটুনির বাঁ হাত কেটে নিয়ে মোটরসাইকেলে কাটা হাত নিয়ে উল্লাস করে রূপপুর মোড়ে খণ্ডিত হাত ফেলে চলে যায়। এ ঘটনায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়।